বাংলাদেশ পর্যটন করপোরেশন
BANGLADESH TOURISM CORPORATION
Bir Uttam A. K. Khandakar Road, 83-88, Mohakhali C/A, Dhaka-1212.
Tel: +880-2-8833229, Fax: +880-2-8833900, e-mail: info@parjatan.gov.bd, URL: www.parjatan.gov.bd

Beautiful Bangladesh

নথি নম্বর-৩০.০৩২.০১৪.৬০.০২.০৩০.২০১৭/১৬৮/৬৬৬

তারিখঃ ২৬ চৈত্র ১৪২৪
০৯ এপ্রিল ২০১৮

সত্ত্বাধিকারী
আল আমিন ইন্টারন্যাশনাল
৫৯৭/১, উত্তর শাহজাহানপুর
ঢাকা-১২১৭।

বিষয় ঃ কার্যাদেশ (e-Tender ID 162010)

জনাব,

"এনএইচটিটিআই-এর সক্ষমতা বৃদ্ধি ও সম্প্রসারণ এবং সোনামসজিদের ক্ষতিগ্রস্ত পর্যটন মোটেল পুনঃনির্মাণ" শীর্ষক প্রকল্পের অন্তর্ভুক্ত **বাংলাদেশ পর্যটন করপোরেশনের মহাখালীস্থ এনএইচটিটিআই এর উর্ধ্বমুখী সম্প্রসারণ নির্মাণ কাজের পুনঃ টেন্ডার e-Tender (ID-162010)** এর জন্য গত ২৮-০২-২০১৮ তারিখ ই-টেন্ডার পদ্ধতিতে আপনার দাখিলকৃত দরপত্রে উদ্ধৃত দর সর্বমোট টাকা-১,০৬,৬৮,৫৭১.২০০(এক কোটি ছয় লক্ষ আটষট্টি হাজার পাঁচশত একাত্তর ও পয়সা দুই শূন্য শূন্য মাত্র)-এই সাথে সংযুক্ত শর্তাদি প্রতিপালন সাপেক্ষে বাংলাদেশ পর্যটন করপোরেশন কর্তৃপক্ষ কর্তৃক গৃহিত হয়েছে।

রূপময় বাংলাদেশ

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে
০৯/০৪/২০১৮
(ফরিদ আহম্মেদ আখতার)
মহাব্যবস্থাপক (পূর্ত)

সংযুক্ত ঃ কার্যাদেশের শর্তাবলী - ০১(এক) পাতা।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি ঃ

১। চেয়ারম্যান, বাপক, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন ও অর্থ/ বাণিজ্যিক/পরিকল্পনা), বাপক, ঢাকা।
৩। মহাব্যবস্থাপক (প্রশাসন/বাণিজ্যিক/পিটিএস/হোটেল অবকাশ/অর্থ ও হিসাব), বাপক, ঢাকা।

কার্যার্থে অনুলিপিঃ

১। অধ্যক্ষ, এনএইচটিটিআই, বাপক, ঢাকা।
২। ব্যবস্থাপক (পূর্ত-১), বাপক, ঢাকা
তাঁরা কাজটির সার্বিক তত্ত্বাবধানসহ এর সুষ্ঠু সম্পাদন নিশ্চিত করবেন।

৩। ব্যবস্থাপক (পূর্ত-২), বাপক, ঢাকা।
৪। ব্যবস্থাপক (পূর্ত), আইসিটি বিভাগ, বাপক, ঢাকা।
গুনগতমান বজায় রেখে টেন্ডার সিডিউলে বর্ণিত স্পেসিফিকেশন ও ড্রইং-ডিজাইন মোতাবেক বর্ণিত কাজটি যথাসময়ে সন্তোষজনকভাবে সম্পন্ন করার বিষয়টি সার্বক্ষনিক ও প্রত্যক্ষ তদারকির মাধ্যমে নিশ্চিত করবেন।

৫। ব্যবস্থাপক (আইসিটি), বাপক, ঢাকা
তাঁকে বাপক এর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৬। মাষ্টার ফাইল।
৭। সংশ্লিষ্ট নথি।

০৯/০৪/২০১৮
(ফরিদ আহম্মেদ আখতার)
মহাব্যবস্থাপক (পূর্ত)
ফোন ঃ ৯৮৮০৯১২ (অফিস)

বাংলাদেশ পর্যটন করপোরেশন
BANGLADESH TOURISM CORPORATION
Bir Uttam A. K. Khandakar Road, 83-88, Mohakhali C/A, Dhaka-1212.
Tel: +880-2-8833229, Fax: +880-2-8833900, e-mail: info@parjatan.gov.bd, URL: www.parjatan.gov.bd

Beautiful Bangladesh

কার্যাদেশের শর্তাবলী

১। চুক্তিনামা (Deed of Agreement) সম্পাদনের তারিখ থেকে ৭(সাত) দিনের মধ্যে কাজ আরম্ভ করতে হবে।

২। আপনাকে চুক্তিনামা (Deed of Agreement) সম্পাদনের তারিখ থেকে বর্ণিত কাজটি টেন্ডার সিডিউল, বর্ণনা, ড্রইং ও সংস্থার প্রকৌশলীগণের সুপারভিশনে সর্বতোভাবে ৩০০(তিনশত) দিনের মধ্যে সম্পন্ন করতে হবে।

৩। বর্ণিত কাজটি সমাধাকল্পে যাবতীয় সকল মালামাল এবং লোকজন আপনাকেই নিজ খরচে সরবরাহ করতে হবে। মালামাল ও লোকজন প্রাপ্তির নিশ্চয়তা/অনিশ্চয়তা কোনটির ব্যাপারেই অত্র সংস্থার কোন দায় দায়িত্ব থাকবে না। বর্ণিত কাজ সম্পাদন কালে আপনার নিয়োজিত জনবল, সংস্থার স্থাপনকৃত মালামাল, সংস্থার ইমারতের কোন ক্ষয়ক্ষতি অথবা যে কোন ধরনের দূর্ঘটনা ঘটলে তার দায়-দায়িত্ব সম্পূর্ণ রূপে আপনাকে বহন করতে হবে।

৪। টেন্ডার সিডিউলে বর্ণিত সমগ্র শর্তাদিও কার্যাদেশের শর্তাদি হিসাবে গণ্য হবে।

৫। কাজের বর্ণনা ও পদ্ধতি যা সিডিউলে উল্লেখ আছে তাহাও এ কার্যাদেশের শর্ত হিসাবে গণ্য হবে। উল্লেখ্য মালামাল সরবরাহের পূর্বে নমুনা/ক্যাটালগ দেখিয়ে পূর্ত বিভাগ থেকে অনুমোদন করিয়ে নিতে হবে।

৬। সংস্থার নিজস্ব প্রকৌশলীগণ/অফিসিয়ালগণ বর্ণিত কাজটি তদারকি করবেন।

৭। প্রয়োজনে কোন আইটেমের কাজের পরিমান সিডিউল পরিমানের চেয়ে বৃদ্ধি পেলেও আপনার উদ্ধৃত দর বর্ধিত কাজের জন্য একই থাকবে। সেক্ষেত্রে আপনার কোনরূপ আপত্তি সংস্থার নিকট গ্রহণযোগ্য হবে না।

৮। এ কাজের জন্য ৩০(ত্রিশ) লক্ষ টাকার নীচে কোন চলতি বিল দেয়া হবে না। সকল বিলের ৫% রক্ষণযোগ্য অর্থ (Retention Money) হিসেবে কাজটি সম্পন্নকরণের দিন থেকে ১(এক) বছর পর্যন্ত রক্ষণাবেক্ষন সময়কাল সংস্থার নিকট জমা থাকবে, যা PPR এবং টেন্ডার ডকুমেন্টস এর সংশ্লিষ্ট বিধি/শর্তানুযায়ী ফেরত দেয়া হবে। সরকারি নিয়মানুযায়ী আপনাকে পরিশোধতব্য বিল থেকে VAT এবং IT কর্তন করা হবে।

৯। কাজটি আপনার দ্বারা সম্পন্ন করার পর ১(এক) বছর পর্যন্ত আপনাকেই তা রক্ষণাবেক্ষণ করতে হবে। তবে উক্ত সময়কাল যদি আপনার দ্বারা সম্পাদিত কাজে কোনরূপ ত্রুটি পরিলক্ষিত হয়, তা আপনাকে নিজ খরচে এবং নিজ দায়িত্বে সুষ্ঠুভাবে সংশোধন করে দিতে হবে। এছাড়া রক্ষণাবেক্ষণ সময় কালেও আপনি কার্যাদেশে বর্ণিত কাজটি সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণ করবেন। অন্যথায় সংস্থা সেটি নিজ খরচে রক্ষণাবেক্ষণ করবে এবং এই খরচ আপনার রক্ষণযোগ্য অর্থ হতে সমন্বয় করা হবে।

১০। কাজটি সম্পন্ন হওয়ার পর একটি কমিটির মাধ্যমে বুঝে নেয়া হবে।

১১। কার্যাদেশে বর্ণিত সময়সীমার মধ্যে কাজটি সম্পন্ন করতে না পারলে প্রতিদিন বিলম্বের জন্য টেন্ডার ডকুমেন্টে (PCC Clause No-31) উদ্ধৃত হারে জরিমানা দিতে হবে।

১২। উপরে ১ ও ২ অনুচ্ছেদ এ বর্ণিত সময়সীমার মধ্যে আপনি যদি কাজটি আরম্ভ/শেষ করতে অপারগ হন, সেক্ষেত্রে সংস্থা পুনরায় যোগাযোগ ব্যতিরেকে আপনাকে দেয়া এ কার্যাদেশ যে কোন সময় বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং এ ক্ষেত্রে কাজটি অন্য কোন ঠিকাদার/ফার্ম-কে দিয়ে বা সংস্থা নিজেই সরাসরি করিয়ে নিতে পারবে। সেক্ষেত্রে আপনার দাখিলকৃত Performance Security এবং যদি কোন পাওনা বিল থেকে থাকে তাহা সংস্থা কর্তৃক বাজেয়াপ্ত করা হবে। এক্ষেত্রে সংস্থার সিদ্ধান্তই চূড়ান্ত বলে গৃহীত হবে এবং আপনার কোন অভিযোগই গ্রহণযোগ্য হবে না।

০৯/০৪/২০১৮
(ফজলুল হক)
ব্যবস্থাপক (পূর্ত-২)

০৯/০৪/১৮
(মীর মোঃ নূরুল ইসলাম)
ব্যবস্থাপক (পূর্ত)